# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২৪৪৭

৮/ সওম (রোযা) (كتاب الصوم)

পরিচ্ছেদঃ ৬৭. আশূরার সওম পালনের ফযীলত

بَابٌ فِي فَضْلِ صَوْمِهِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمِنْهَالِ، حَدَّثَنَا يَزِيدُ بْنُ زُرَيْعٍ، حَدَّثَنَا سَعِيدٌ، عَنْ قَتَادَةَ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ مَسْلَمَةَ، عَنْ عَمِّهِ، أَنَّ أَسْلَمَ، أَتَتِ النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقَالَ: صُمْتُمْ يَوْمَكُمْ هَذَا؟ قَالُوا: لَا، قَالَ: فَأَتِمُّوا بَقِيَّةَ يَوْمِكُمْ وَاقْضُوهُ، قَالَ أَبُو دَاوُدَ: يَعْنِي يَوْمَ عَاشُورَاءَ

ضعيف

বাংলা

২৪৪৭। ’আব্দুর রহমান ইবনু মাসলামাহ (রহ.) থেকে তার চাচার সূত্রে বর্ণিত। একদা আসলাম গোত্রের লোকেরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট আগমন করলে তিনি বললেনঃ তোমরা কি তোমাদের এই দিনের সওম রেখেছো? তারা বললো, না। তিনি বললেনঃ দিনের বাকী অংশটুকু (পানাহার না করে) পূর্ণ করো এবং এদিনের সওম কাযা করে নাও। ইমাম আবূ দাঊদ (রহ.) বলেন, অর্থাৎ আশূরার দিন।[1]

দুর্বল।

## English

Narrated AbdurRahman ibn Maslamah:

AbdurRahman reported on the authority of his uncle that the people of the tribe Aslam came to the Prophet (ﷺ). He said (to them): Did you fast on this day? They replied: No. He said: Complete the rest of your day, and make atonement for it.

## ফুটনোট

[1]. বায়হাক্বী। সনদের ‘আব্দুর রহমান বিন মাসলামাহ মাকবূল। ইমাম বায়হাক্বী বলেন : তিনি অজ্ঞাত (মাজহুল)। তার পিতার নাম দিয়ে মতভেদ রয়েছে। আব্দুল হাক বলেন: সওম কাযা করার এই হাদীস সহীহ নয়।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবন মাসলামা (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=59815

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন